দৈনিক ইনকিলাব

তারিখ 13 MAY 1993
পৃষ্ঠা ৫ কলাম ৫

# শিক্ষাঙ্গন

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রচার মাধ্যম প্রসঙ্গে

উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আমাদের শিক্ষাঙ্গনে এক সুদূরপ্রসারী ভূমিকা রাখতে পারে। আমাদের দেশে প্রচার মাধ্যম হিসেবে রেডিও ও টিভিই সহায়ক। তবে এ কথা সর্বজন স্বীকৃত যে, টেলিভিশন এ ব্যাপারে অগ্রণী ভূমিকা রাখতে পারে। কিন্তু তৃতীয় বিশ্বের এই উন্নয়নশীল দেশটির অধিকাংশ লোকই দারিদ্র্যসীমার নিম্ন পর্যায়ে অবস্থান করছে। ফলে তাদের মাঝে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গৃহীত পদক্ষেপসমূহ তুলে ধরা অসম্ভব। তাই সরকারের নিকট আবেদন, পল্লী অঞ্চলে, ইউনিয়ন কাউন্সিলগুলোতে যে সমস্ত টিভি জরাজীর্ণ অবস্থায় পড়ে আছে সেগুলো পুনঃ মেরামত এবং বিভিন্ন ক্লাবগুলোতে টিভি বিতরণ করা হোক।

এ, কে, এম, ওবায়দুল হক,
আমগীর ছাত্রাবাস,
কক্ষ নং-১০৮,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

## মেধার অবমূল্যায়ন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার (খ ইউনিটের) ফলাফল প্রকাশের সাথে সাথে যারা চূড়ান্ত তালিকার অন্তর্ভুক্ত হয় তারা ভর্তির মানসিক প্রস্তুতি গ্রহণ করে। কিন্তু মৌখিক পরীক্ষায় ডেকে অনেক মেধাবী ছাত্র-ছাত্রীদের কোন subject দেয়া হচ্ছে না। কিংবা যাদেরও দেয়া হয়েছে তাও ইসলামী স্টাডিজের মত subject।

অন্যদিকে চূড়ান্ত তালিকা প্রকাশের সাথে সাথে অনেক মেধাবী ছাত্র-ছাত্রী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তি বাতিল করেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য। কিন্তু তাদেরও অনেককে সাক্ষাৎকারে ডেকে যখন কোন subject দেয়া হচ্ছে না তখন তারা খুব অসহায় হয়ে পড়েছে। তাই যাতে এভাবে মেধার অবমূল্যায়ন না করে মেধাক্রম অনুসারে subject দেয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—গাজী জাফর ইকবাল, পটুয়াখালী।